

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

২৩ ভাদ্র, ১৪২২

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-১৯

তারিখ : -----

০৭ সেপ্টেম্বর, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

গণবিজ্ঞপ্তি নং- ৩৬(২০১২-২০১৫)/আমদানি (আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ), তারিখ-০৬/০৯/২০১৫ জারি প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক লবন আমদানি সংক্রান্ত একটি
গণবিজ্ঞপ্তি নং-৩৬(২০১২-২০১৫)/আমদানি (আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ), তারিখ-সেপ্টেম্বর ০৬, ২০১৫ জারি করা হয়েছে।

অনুমোদিত ডিলার শাখা ও সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আলোচ্য গণবিজ্ঞপ্তির নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার
লক্ষ্যে এর ছায়ািলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccic.gov.bd


গণবিজ্ঞপ্তি নং- ৩৬(২০১২-২০১৫)/আমদানি
(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)

তারিখঃ ২২ ভাদ্র ১৪২২
০৬ সেপ্টেম্বর ২০১৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর ২৬ (৫৮) অনুচ্ছেদ এর কার্যকারীতা আগামী ২৭/০৯/২০১৫ তারিখ পর্যন্ত স্থগিত করা হইল এবং ২৭/০৯/২০১৫ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্তে ১ (এক) লক্ষ মেট্রিক টন ক্রুড লবণ (এইচ. এস. হেডিং নং- ২৫.০১) আমদানিযোগ্য করা হইলঃ

শর্তঃ

- (ক) একজন লবণ মিল মালিক সর্বোচ্চ ১০ (দশ) হাজার মেঃ টন ক্রুড লবণ আমদানির জন্য ঋণপত্র প্রতিষ্ঠা করিতে পারিবেন। লবণ আমদানির নিমিত্ত ঋণপত্র প্রতিষ্ঠা করার পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে আমদানিকারককে ঋণপত্রের অনুলিপিসহ সকল তথ্য (আইআরসি, প্রোফরমা ইনভয়েস, এলসিএ ফরম ও ঋণপত্রের কপি) প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;
- (খ) ঋণপত্র প্রতিষ্ঠার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লবণ জাহাজীকরণ করিতে হইবে।
- (গ) প্রতিদিনকার ঋণপত্র প্রতিষ্ঠার তথ্য বাংলাদেশ ব্যাংক সংগ্রহ করিয়া প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করিবেন।



(মোহাম্মাদ মাহমুদুল হক)

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

ফোনঃ ৯৫৫৩৩৪৯।

controller.chief@yahoo.com